২৮৭ *
LIBRARY

# পদ্যমালা।

অনন্তগুণরত্নভূষণ-

শ্রীযুক্ত শশিভূষণ দত্ত-সমুৎসাহিতেন

কলিকাতাগবর্ণমেণ্টসংস্কৃতপাঠশালাছাত্রেণ

শ্রীতারাকুমার চক্রবর্ত্তিণা

বিরচিতা।

দুষ্প্রাপ্য

" কূজন্তং রামরামেতি মধুরং মধুরাক্ষরম্ ।
আরূঢ়কবিতাশাখং বন্দে বাল্মীকি-কোকিলম্ ॥

কলিকাতা রাজধান্যাং

দাস এণ্ড সন্স যন্ত্রালয়ে

মুদ্রিতা।

শকাব্দাঃ ১৭৯১।

১৮
১৮৬৯

# উৎসর্গ

এষ

শশিভূষণ দত্ত!

তুভ্যং

সঞ্জীবনপ্রিয়বরায়

ময়া

দত্তং ॥

# শুদ্ধিপত্রম্।

| অশুদ্ধম্। | শুদ্ধম্। | পৃষ্ঠে। | পংক্তৌ। |
|---|---|---|---|
| সৌরভেন | সৌরভেণ | ৫ | ২ |
| কুলাড্ডন্টা | কুলাড্ডুম্টা | ৮ | ১১ |
| পুরস্কৃতাঃ | পুরস্কৃতঃ | ঐ | ৭ |
| সহস্রেনাপদাং | সহস্রেণাপদাং | ১৬ | ৫ |
| বর্ষিলে | বর্ষিলে | ১৭ | ১৬ |
| বর্দ্ধণ | বর্দ্ধন | ১৯ | ১০ |
| ফটে | ফুটে | ৩০ | ২৪ |
| দুঃখেমায়াতি | দুঃখমায়াতি | ৩১ | ৩ |
| শশির কিরণে<br>দিক্ হাসিবে এখনি | এখনি হাসিবে<br>দিক্ শশির কিরণে | ৩৭ | ১৮ |

# চৈত্রমেলা।

সংবৎ ১৯২৫। ৩০ চৈত্র।

মাতর্ভারতভূমি ! সর্ব্বসুকৃতস্যাভূঃ প্রসূতিঃ পুরা
ত্বন্নামাখিললোকবিশ্রুতমভূদ্বিদ্যাযশোভিস্তদা।
যাতাস্তে দিবসাস্তথা সুখময়াঃ স্মৃত্বাম্ব ! তান্ সাম্প্রতম্
হা হা ! কস্য নঁ মানসং বদ মহাশোকাম্বুধৌ মজ্জতি ?॥১॥
হা মাতঃ ! ক্ক গতা মহারথরঘুশ্রীরামকর্ণাদয়ো-
যৈর্ব্বীরপ্রসবেতি কীর্ত্তিরজনি ত্রৈলোক্যমধ্যে তব।
তেষাং যানধুনা বিভর্ষি তনয়ান্ দূরেঽস্তু গে ! বীরতা
বেপন্তে গুরুভীতিপাণ্ডুবদনাঃ সংগ্রামনাম্নৈব তে ॥ ২ ॥
মাতঃ ! কুত্র গতা যুধিষ্ঠিরহরিশ্চন্দ্রাদয়ো ধার্ম্মিকা-
যেষামাহুরগণ্যপুণ্যচরিতৈস্ত্বাং পুণ্যভূমিং ভুবি।
যে পুত্রাস্তব সাম্প্রতং জননি ! কিং পাপং ন কুর্ব্বন্তি তে
হা হা হন্ত ! ন কস্য দীর্য্যতি মনো দৃষ্ট্বা তবেমাং দশাম্ ॥৩॥
পুত্রৈঃ পাণিনিগৌতমপ্রভৃতিভিস্তে পূর্ব্বজাতৈঃ পুরা
বিদ্যাভূমিরিতি প্রসিদ্ধিরজনি ত্রৈলোক্যমধ্যে তব।
মাতস্তে তদনন্তমক্ষয়মহো ! লোকোত্তরং গৌরবম
নানাদোষপরায়ণৈস্তব সুতৈর্হা হাধুনা হারিতম্ ! ! ॥ ৪ ॥

সাবিত্রীজনকাত্মজাদিরমণীরত্নানি জাতানি তে
গর্ভে যৎসুচরিত্রকীর্ত্তনরবেণাপূরি বিশ্বম্ভরা।
যাতাস্তা গুণভূষিতা দুহিতরস্তে কন্যকাঃ সাম্প্রতম্
ঘোরাজ্ঞানবশা নয়ন্তি দিবসানালস্যনিদ্রাদিভিঃ ॥ ৫ ॥
মাতঃ! সূতবতী ত্বমেব হি পুরা বাল্মীকিপারাশরৌ
যদ্রামায়ণভারতামৃতরসেনাদ্যাপি মুগ্ধং জগৎ।
নো জানে ত্বয়ি সাম্প্রতং নিপতিতঃ কোবাভিশাপো মহান্
যেনৈকোঽপি মহাকবির্জননি! তে গর্ভে ন সঞ্জায়তে ॥ ৬ ॥
রত্নানামিব কৌস্তুভং জলধিনা মাতঃ! কবীনাং ত্বয়া
যং লব্ধ্বা ভুবি কালিদাসমখিলেঽনন্তং যশঃ সঞ্চিতম্।
হা হা! তাদৃশপুত্ররত্নমখিলক্ষৌণীমহাভূষণং
ত্যক্ত্বাদ্যাপি করালকালবদনে মাতঃ! কথং জীবসি? ॥৭॥
ত্বদ্গর্ভে ভবভূতিরক্ষয়যশাশ্চন্দ্রঃ সুধাব্ধৌ যথা
জাতো যস্য মনোজ্ঞকাব্যকিরণৈরালোকিতং ক্ষ্মাতলম্।
কালে হন্ত! কৃতান্তরাহুবদনং তস্মিন্ কবীন্দৌ গতে
সম্প্রাপ্তং মলিনং কবিত্বকুমুদং হা! শোচনীয়াং দশাম্ ॥৮॥

পরাধীনান্ মগ্নানতিবিপুলদুঃখাম্বুধিজলে
বলক্ষীণান্ হীনান্ সকলসুখসৌভাগ্যনিচয়ৈঃ।
কৃপাসিন্ধো! নাথ! ত্রিভুবনগুরো! ভারতজনান্
সকৃদ্দীনানেতান্ প্রতি বিতর কারুণ্যকণিকাম্ ॥

দুষ্প্রাপ্য

BANGIYA SAHITYA PARISHAD LIBRARY.
২৬৭*

# পদ্যমালা

## প্রথমঃ পাঠঃ।

জন্মেন্দো! তব লোকবিশ্রুতমহাক্ষীরোদধৌ নির্ম্মলে
পীয়ূষেণ কৃতং বপুস্তব করৈরালোকিতং ক্ষ্মাতলম্।
আত্মানং মলিনীকরোষি নিতরাং স ত্বং কলঙ্কেন চে-
দাদর্শোবদ কোজনস্ত্রিভুবনে হংহো! বিশুদ্ধের্ভবেৎ? ॥
চলন্ মন্দং মন্দং দিশি দিশি মরন্দং বিতনুষে
সুশীতস্তে স্পর্শোভুবনজনতাপং হরতি চ।
পুনস্ত্বঞ্চেদ্বায়ো! ভবসি দববহ্নেঃ সহচরঃ
শরণ্যো দীনানাং বদ! হরিণকানাং ভবতি কঃ ॥

---

সুধার্ণবে জন্ম, দেহ সুধার আকর
ধবলিত ধরা শশি! তোমার কিরণে।
তুমি যদি আপনাকে কলঙ্কিত কর
শুদ্ধির আদর্শ তবে কে হবে ভুবনে? ॥
দিকে দিকে মন্দ মন্দ মরন্দ বিতর
স্পর্শমাত্র জীব-তাপ কর নিবারণ।
তুমি বায়ু! দবাগ্নির হলে সহচর
অসহায় মৃগকুলে কে হবে শরণ? ॥

যস্যাম্ভোজমরন্দগন্ধিসলিলে কেলী কৃতা স্বেচ্ছয়া
ভুক্তং কোমলনালজালমমলং পীতং সুধাভং পয়ঃ।
কাসারং তমবেক্ষ্য শুষ্কমধুনা ত্যক্ত্বা প্রয়াস্যন্যতো
ধিক্ ত্বামস্তু মরাল! কেবলমহো স্বার্থৈকবন্ধুর্ভবান্॥

লব্ধং জনুঃ সরসি সারসহংসরম্যে
লোকাতিগঃ পরিমলোঽনুপমা চ কান্তিঃ।
ক্ষুদ্রে নিতান্তমলিনে চপলে মিলিন্দে
জানে ন পদ্মিনি! কথং রুচিমাতনোষি॥

পাটীর! হে মলয়সানুতলেঽসি জাতো
লোকোত্তরং পরিমলঞ্চ সদা তনোষি।
স ত্বং বিভর্ষি সততং বিষদংষ্ট্রিণশ্চেৎ
দোষোন তত্র ভবতোবিধিরেব নিন্দ্যঃ॥

---

যাহার বিমল জলে, কেলী করি কুতূহলে,
চিরদিন ভুঞ্জিয়াছ কোমল মৃণাল।
আজি সেই সরোবর, শুষ্ক হেরি পরিহর,
কেবল স্বার্থের সখা ছি তুমি মরাল!! ॥

জন্মিয়া সারসহংস-শোভি-সরোবরে
অসম সৌরভ, কান্তি লভিলা ভুবনে।
মলিন, চপল, অতি ক্ষুদ্র মধুকরে
কেমনে পদ্মিনি! বল! ধরিলে হে মনে? ॥

জন্মিয়াছ রমণীয় মলয়-ভূধরে
দশদিক্ আমোদিত সৌরভে তোমার।
তুমি হে চন্দন! যদি ধর বিষধরে
সে দোষ তোমার নয় দোষ বিধাতার॥

ত্বামেব বীক্ষ্য গগনেঽভ্যুদিতং চিরেণ
যোঽস্মুন্ কথঞ্চিদপি কণ্ঠগতান্ রুরোধ।
জীমূত! হে ক্ষিপসি চেৎ করকাম্বিদানীম্
হা হন্ত! কোঽস্য শরণং বদ চাতকস্য?॥

ভ্রান্ত্বাভ্রান্ত্বামলপরিমলে পেশলে পদ্মজালে
পীত্বাপীত্বামৃতরসমধু ত্বং চিরান্নির্বৃতোঽসি।
অত্যুদ্দামদ্বিপকটগলদ্দানতোয়ং কষায়ম্
পাতুং চিত্তে ভ্রমর! বিকৃতির্নাদ্য কিং জায়তে তে?॥

নীতোজন্মভুবঃ পরং পরবশোবদ্ধোদৃঢ়ং পিঞ্জরে
সন্তোষৈঃ স্বকলত্রপুত্রজনিতৈস্ত্বং সন্ততং বঞ্চিতঃ।
ক্ষীণং তে পরিশুষ্কতণ্ডুলকণাহারেণ নিত্যং বপু-
র্হাহা! কেন সুখেন গায়সি সদা জানামি নাহং শুক!॥

---

যাহারে উদিত হেরি এতদিন পরে
অতিকষ্টে রাখিতেছ কণ্ঠগত প্রাণ।
সে বারিদ শিলা যদি বরিষণ করে
চাতক! তোমারে তবে কে করিবে ত্রাণ?॥

কোমল কমলবন ভ্রমি পদে পদে
ভুঞ্জিয়াছ মকরন্দ অমৃতের সার।
বসিতে দ্বিরদকটকলুষিতমদে
আজি কি ভ্রমর! মনে হয় না বিকার?॥

কোথা জন্মভূমি, ভার্য্যা, পুত্র, পরিজন,
পিঞ্জরে পরের বশে আছ কত দুখে।
শীর্ণ দেহ করি শুষ্ক-তণ্ডুল ভোজন
বল দেখি শুক! সদা গাও কোন্ সুখে?॥

তব লবণবিকৃতমম্ভো
বহসি চ যাদাংসি ভীষণান্যুদরে।
কেন গুণেন পয়োধে!
ত্বামিহ রত্নাকরং বদতি?॥

ভজতি ন মলিনমিলিন্দ-
স্ত্বামিতি খেদং সকৃদপি মা কার্ষীঃ।
দিশি দিশি বিতরসি গন্ধম্
চম্পক! রূপঞ্চ তেঽনুপমম্॥

সিন্ধো! নদীসহস্রেভ্যোগৃহ্ণাসি মধুরং পয়ঃ।
লবণাপেয়সলিলং দদাসি নহি লজ্জসে?॥

---

অপেয় তোমার জল বিকট লবণে
হিংস্র-জন্তু-পরিপূর্ণ তোমার উদর।
জানিনা তটিনীনাথ! তুমি হে ভুবনে
কোন্ গুণে ধরিয়াছ নাম রত্নাকর॥
না আসিলে সে মলিন মধুকরদল
চম্পক! তোমার তাহে খেদ কি হে মনে?।
দেখ! দিক্ পুরিয়াছে তব পরিমল
রূপেও অতুল তুমি এ তিন ভুবনে॥
সহস্র নদীর হর বারি মধুময়।
লোণা জল দিতে সিন্ধু! লজ্জা নাহি হয়?॥

# দ্বিতীয়ঃ পাঠঃ।

গুণ এব হি রূপস্য মণ্ডনং কুরুতে স্ত্রিয়ঃ।
গৌরবং সৌরভেণৈব জায়তে কুসুমশ্রিয়ঃ॥

নূনং বিভর্ত্তি সুষমামসমানরূপাম্
লব্ধাঙ্গনা দয়িতমাত্মগুণানুরূপম্।
সৌদামনী হরতি মানসমভ্রলগ্না
স্রোতস্বতী জলধিগর্ভগতৈব ভাতি॥

গুণবৎপতিহস্তগামিনী
রমণী সদ্গুণশালিনী ভবেৎ।
প্রচুরা হি ফলন্তি শালয়ো
যদি সৎক্ষেত্রগতা ভবেৎ কৃষিঃ॥

---

অপরূপ নারীরূপ থাকে যদি গুণ।
পরিমলে শোভা পায় কুসুম দ্বিগুণ॥
পতি নিজ অনুরূপ লভে যে রমণী
তাহার শোভার কথা বলা নাহি যায়।
অপূর্ব্ব মেঘের কোলে শোভে সৌদামনী
বিরাজে তটিনী যদি জলনিধি পায়॥
যে রমণী গুণবান্ লভয়ে দয়িত
তাহার হৃদয়-মাঝে শোভে নানা গুণ।
উর্ব্বরক্ষেত্রেতে কৃষি হইলে পতিত
নিশ্চয় তাহাতে ফলে ফল বহুগুণ॥

নিজনাথমবেক্ষ্য কামিনী
ভজতে কামপি ভাবসঞ্চয়ান্।
শশিনং সমুপেত্য শর্ব্বরী
রমণীয়ৈরুড়ুভির্ব্বিরাজতে॥
নিজভর্ত্তৃগতং সতীমনো
নহি কেনাপি নিবার্য্যতে ভুবি।
জলধিপ্রবণং নদীরয়ম্
বিনিরোদ্ধুং বদ কঃ ক্ষমো ভবেৎ?॥
সতীত্বপরমোজ্জ্বলং যদি বিভর্ত্তি নারী মন-
স্তদৈব রমণীয়তাং ধ্রুবমুপৈতি সালৌকিকীম্।
সরোহরতি তম্মনঃ পয়সি ভাতি যস্যাম্বুজম্
শশাঙ্ককরভাস্বরং গগনমেব বিদ্যোততে॥

---

পাইলে আপন পতি সরলা কামিনী
অপূর্ব্ব সম্ভাবে হয় হৃদয় পূরিত।
শশাঙ্কের সমাগমে অমনি যামিনী
অমল তারকাকুলে হয় বিরাজিত॥
পতিরতা ললনার পতিগত মন
পতি হতে ফিরাইতে পারে কোন্ জনে।
সিন্ধুগামী নদীবেগ করে নিবারণ
কার সাধ্য আছে বল! এ তিন ভুবনে?॥
সতীত্বভূষায় বিভূষিত যার মন
আমরি! মোহিনী কিবা হয় সে কামিনী।
অপূর্ব্ব শশাঙ্ককরে বিরাজে গগন
সরোবর মনোহর ফুটিলে নলিনী॥

ভর্ত্তুর্ভবেদ্যদি পরং কঠিনঃ স্বভাব-
স্তেনাপি কামপি পরাং মুদমেতি সাধ্বী ।
তীব্রোঽপি রশ্মিনিকরো দয়িতস্য ভানো-
রম্ভোজিনীং বিকসিতাং নহি কিং করোতি ? ॥

সধনে দয়িতে যথা সতী
ধনহীনে চ তথৈব মোদতে ।
সকলোবিকলোঽথবা শশী
সমমুন্মীলয়তীহ কৈরবম্ ॥

মৃতং সমালোক্য পতিং পতিব্রতা
ক্ষণং ন ধত্তে বত ! দীনজীবনম্ ।
নিশা শশাঙ্কেন সহৈব লীয়তে
বিভাপি নাশং সহ যাতি ভানুনা ॥

---

হলেও দয়িত বড় কঠিনতাময়
গুণবতী-সতী-মন আনন্দিত করে ।
কোমল কমল দেখ ! বিকসিত হয়
তীব্রতর-দিনকর-খরতর-করে ॥
সধন অথবা যদি ধনহীন হয়
সতীর হৃদয় পতি করে হরষিত ।
পূর্ণ আর কলাহীন শশীর উদয়
তুল্যরূপে কুমুদেরে করে বিকসিত ॥
জীবনসর্ব্বস্ব সতী পতির মরণে
তিলেক ধরে না পোড়া জীবনের ভার ।
মিলাইয়া যায় নিশা শশাঙ্কের সনে
রবির বিরহে শেষ থাকে কি বিভার ? ॥

প্রাণেশ্বরং পতিব্রতা ব্যসনে নিমগ্নম্
জ্ঞাত্বৈব কামপি দশাং মলিনামুপৈতি।
আচ্ছাদিতে দিনমণৌ নিবিড়াম্বুবাহৈ-
রাশা ন গাঢ়তমসা পরিকীর্য্যতে কিম্?॥

সদ্গুণদয়বল্লভহৃদয়ম্
সুখয়তি নিতরাং গুণোজ্জ্বলা বালা।
মদয়তি কুসুমিতলতিকা
মধুরসরসিকং ন কিং মধুপম্?॥

মলিনা স্বামিনা হীনা ভবেদ্গুণবতী সতী।
বিশীর্য্যতি তরুস্কন্ধাদ্গলিতা ললিতা লতা॥

বিজহাতি কুলভ্রষ্টা রমণী রমণীয়তাম্।
নলিনী মলিনী তোয়াদপনীতৈব জায়তে॥

---

অভিভূত হয় সতী গুরুশোকভরে
বিপদে দয়িত যদি হয় নিপতিত।
আচ্ছাদিত দিনকর হলে জলধরে
ঘোর অন্ধকারে দিক্ হয় সমাচিত॥

সদ্গুণে শোভিত হেরি নিজ দয়িতায়
গুণগ্রাহী পতি অতি হয় পুলকিত।
ললিত কুসুমে লতা যদি শোভা পায়।
মধুলোভী অলি তাহে হয় বিমোহিত॥

পতিহীনা হয়ে সতী মলিনতা পায়।
তরু-ভ্রষ্ট হলে লতা শুকাইয়া যায়॥

হারায় কুলটা নারী সৌন্দর্য্য অমল।
ম্লান হয় জলভ্রষ্ট হইলে কমল॥

সুশীলললনালাপে মাধুর্য্যং সহজোগুণঃ।
ন হি কিং কোকিলাকণ্ঠে স্বতঃ সিদ্ধৈব কাকলী ? ॥
অপূর্ব্বং কিল নারীণামেকমাভরণং পতিঃ।
হরিতাং ন কিমালোকো লোকোজ্জ্বলবিভূষণম্ ? ॥
স্বামিনৈবাপনীয়ন্তে সর্ব্বদুঃখানি যোষিতঃ।
রজন্যাস্তমসাং হন্তা কোঽন্যশ্চন্দ্রমসং বিনা ॥
বিজহাতি সতী পত্যুর্ব্বিরহেঽখিলভূষণম্।
মাধবী মাধবেঽতীতে ন ধত্তে কুসুমাশ্রয়ম্ ॥
স্বতএব সুশীলায়া মৃদুতা হৃদি জায়তে।
কিন্নু শীতলতাং ধত্তে প্রকৃত্যৈব ন কৌমুদী ? ॥

---

সুশীলার স্বভাবতঃ কথা মধুময়।
কাকলী কোকিলাস্বরে শিখিতে কি হয় ? ॥
পতিধন অবলার ভূষণের সার।
আলোক প্রধান শোভা নহে কি আশার ? ॥
অবলার দুঃখ হরে পতি প্রিয়তম।
শশী বিনা কেবা নাশে রজনীর তম ॥
পতির বিরহে সতী ভূষণ না পরে।
মাধববিগমে পুষ্প মাধবী কি ধরে ? ॥
মৃদুতা সুশীলা-মনে স্বভাবতঃ হয়।
শীতলতা কৌমুদীর প্রকৃতি নিশ্চয় ॥

# তৃতীয়ঃ পাঠঃ ।

আর্দ্রীকরোত্যখিললোকমনাংসি সাধো-
র্বাক্যং বিশুদ্ধগুণভাবরসাদিপূর্ণম্ ।
বাতো মধোঃ সুরভিপুষ্পমরন্দগন্ধী
নাঙ্গানি কস্য কুরুতে বদ শীতলানি ? ॥
সতাং গোষ্ঠীমধ্যে সুবিমলগুণানাং পরিচয়ো-
জনানাং সর্ব্বেষাং জনয়তিতরাং কামপি মুদম্ ।
লতাকুঞ্জে মঞ্জৌ পিকবরকুলানাং কলরবো-
ন কস্যাহো কর্ণে সপদি মধুধারাং বিতরতি ? ॥

সকলের আর্দ্র হয় হৃদয়, শুনিলে
সাধুর বচন গুণ-ভাব-রসময় ।
বসন্তের মধুপূর্ণ সুরভি অনিলে
কাহার শরীর বল ! শীতল না হয় ? ॥
সুজনসমাজে নানা গুণের গৌরব
শুনিলে মোহিত হয় মন সবাকার !
মঞ্জুল নিকুঞ্জমাঝে পিককলরব
কর্ণযুগে মধু-বৃষ্টি না করে কাহার ? ॥

লোকে সতামতিবিশুদ্ধতমং গুণৌঘম্
সংকীর্ত্তয়ন্নপি জনো মহিমানমেতি।
বিস্তারয়ন্ সুমনসামমলং মরন্দম্
লোকোত্তরং পরিমলং নকিমেতি বায়ুঃ? ॥
বসন্ বিদূরেঽপি গুণী গুণৌঘৈ-
র্জনান্ সমস্তান্ সুখয়ত্যপূর্ব্বম্।
উদেতি ভানুর্গগনান্তরালে
করৈস্তু বিশ্বং ধবলীকরোতি ॥
বিচিত্রোঽস্মিন্ লোকে গুণিগুণসমাজস্য মহিমা
গুণৈর্হীনোঽপ্যজ্ঞঃ সগুণইব ভাতীহ মনুজঃ।
মনোজ্ঞে মাকন্দে মুকুলচয়খেলন্মধুকরে
নিষণ্ণঃ কাকোঽপি প্রকটয়তি লীলাং পরভৃতঃ ॥

---

বিশুদ্ধ সুজনগুণ যে করে কীর্ত্তণ
তাহারো মহিমা মুখে বলা নাহি যায়।
কুসুমের মকরন্দ করিয়া বহন
বায়ু দেখ! অলৌকিক পরিমল পায় ॥
এক জন সাধু যদি বহু দূরে থাকে
তথাপি তাহার গুণে সুখী সাধারণে।
কোথায় গগনতলে দেখ! চন্দ্রমাকে
ধবলিত ধরা কিন্তু অমল কিরণে।
গুণহীন বসে যদি গুণীর সভায়
তাহাকেও গুণী বলি হয় অনুমান।
মুকুলশোভিত সহকারের শাখায়
বায়সেও ধরে শোভা পিকের সমান ॥

গুণৈকমিত্রাণি মনীষিণোজনাঃ-
ভজন্তি লোকে ন হি বস্তু নির্গুণম্।
কিমাশ্রয়ন্তে মধুপক্ষপাতিনো-
মরন্দহীনং কুসুমং মধুব্রতাঃ ? ॥
সদয়হৃদয়ধনিসুবিপুলদানম্
সুখয়তি যাচকহৃদপরিমানম্।
করিকটবিগলিতমবিরলদানম্
বিতরতি মধুলিহি রসগসমানম্ ॥
গতবতি সাধোঃ স্বসুহৃদি বিপদম্
ভবতি গুরুশুচঃ স্বসুহৃদি বিপদম্।
নলিনং নিশিগতমধুরসমলিনম্
গ্লপয়তি চিরগতমধুরসমলিনম্ ॥

---

একমাত্র গুণপক্ষপাতী বুধবর
নির্গুণ বিষয়ে কভু নাহি দেয় মন।
সুমধুর-মকরন্দ-লোভী মধুকর
মধুহীন কুসুমের করে কি সেবন ? ॥
সদয়-হৃদয় ধনী যাচকের মন
আনন্দিত করে দান করিয়া বিপুল।
অবিরলভাবে মদজল বিতরণ
করি করিরাজ তোষে মধুকরকুল ॥
সুজন স্বজনে হেরি বিপদে আকুল
আপন হৃদয়ে গুরুতর শোক পায়।
করয়ে কাতর অতি মধুকরকুল
মধুহীন বিমলিন নলিন নিশায় ॥

পরোপকারিণঃ সাধোঃ সদয়ং হৃদয়ং সদা।
সরসঃ সরসো গর্ভশ্চিরমেব হি বর্ত্ততে॥
উপদেশঃ সতশ্চিত্তে ধত্তে জ্ঞানময়ং ফলম্।
সলিলং নলিনীপত্রে যাতি মুক্তাফলশ্রিয়ম॥
কদাপি সাধুবদনাদ্বহিরেতি ন দুর্ব্বচঃ।
নিপতত্যাবিলং বারি কিং কদাপি পয়োমুচঃ?॥
হীয়তে ন গুণৈঃ সাধুর্জনৈরপ্যপুরস্কৃতাঃ।
অনাঘ্রাতস্য পুষ্পস্য সৌরভং কিং ন বিদ্যতে?॥
গুণবান্ স্বগুণৈরেব রূপহীনোঽপি পুজ্যতে।
আলোককেন ন কিং দীপো মলিনোঽপ্যেতি গৌরবম্?॥
কুরূপমপি সৌন্দর্য্যং তনোতি গুণশালিনি।
বিমলাম্বোধরে মেঘে মালিন্যমপি শোভতে॥

---

হিতৈষী সাধুর সদা সদয় অন্তর।
শীতল সরসীতল থাকে নিরন্তর॥
সাধুচিত্তে উপদেশ শোভে জ্ঞানফলে।
সলিল মুক্তার শোভা ধরে পদ্মদলে॥
মন্দ কথা কভু নাহি কহে সাধুজন।
মেঘ হতে ঘোলা জল পড়ে কি কখন?॥
সাধু কি হারায় গুণ লোকে না জানিলে?।
পুষ্পের কি গন্ধ যায় আঘ্রাণ না নিলে?॥
কুরূপ হলেও গুণী মান্য হয় লোকে।
নহে কি মলিন দীপ আদৃত আলোকে?॥
কুরূপেও সুন্দরতা গুণিদেহ ধরে।
কালিমা কি শোভা নাহি পায় জলধরে?॥

গুণৌ সৌজন্যদৌর্জ্জন্যে সহজৌ সাধুদুষ্টয়োঃ।
অমৃতে মাধুরী সিদ্ধা পিচুমর্দ্দে চ তিক্ততা॥

---

অসতে দুষ্টতা সতে সাধুতা নিশ্চয়।
নিম্ব তিক্ত সুধা মিষ্ট স্বভাবতঃ হয়॥

# চতুর্থঃ পাঠঃ ।

যৌজসা স্বয়মর্জ্জনক্ষমে'-
বাঞ্ছতীহ পদমন্যসাধিতং ।
কিং প্রচণ্ডকরিগণ্ডখণ্ডনঃ
সত্ত্বমন্যহতমত্তি কেশরী ? ॥
বিমুচ্যতে জাতু নিজং ন তেজ-
স্তেজস্বিনা কণ্ঠগতাসুনাপি ।
অলাতশেষোঽপি হিরণ্যরেতা
দাহানুকূলাং ন জহাতি শক্তিম্ ॥
নহি নীচপথং যাতি প্রতিভা সুমহৌজসঃ ।
নাধোমুখী শিখা বহ্নেঃ কদাচিদপি বর্ত্ততে ॥

---

যে জন বিপুল তেজ নিজ দেহে ধরে
সে কখন পরদত্ত পদ নাহি চায় ।
যে চণ্ড দ্বিরদগণ্ড খণ্ড খণ্ড করে
সে কেশরী অন্যহত পশু নাহি খায় ॥
কণ্ঠগত যদি হয় জীবন তাহার
তথাপি সে ধরে তেজ তেজী যেই জন ।
কেবল অলাতমাত্র যদি থাকে সার
দহন দাহনগুণ ছাড়ে কি কখন ? ॥
নীচপথে নাহি যায় তেজস্বীর মন ।
অগ্নিশিখা অধোমুখে থাকে কি কখন ? ॥

মনঃ কুসংস্কারবিলঙ্ঘি যোজনো-
দধাতি লোকে স মহানসংশয়ম্।
বিভর্ত্তি শৃঙ্গং ঘনজালভেদি যো-
নগঃ স এবোন্নত ইত্যুদীর্য্যতে ॥

প্রবিচলতি সহস্রেরাপদাং ভীষণানাম্
প্রকৃতিরতিগভীরাত্যন্তধীরাশয়ানাম্।
প্রবলতরতরঙ্গক্ষোভসংক্ষোভিতাপি
বিচলতি ন হি বেলা বারিধীনাং কদাচিৎ॥

নৈসর্গিকোহি মহতামুদারাশয়তাগুণঃ।
অগাধতা প্রসিদ্ধৈব ভুবনে হি মহোদধেঃ॥

বিপদি ক্ষীয়তে ক্ষীণো বলী ত্বুপরিবর্দ্ধতে।
দীপো নির্ব্বাতি বাতেন দবাগ্নিস্তূপচীয়তে॥

---

তাহারে মহৎ বলি যেই নরবর
কুসংস্কার অতিক্রম করিয়াছে মনে।
উন্নত ভূধর সেই যাহার শিখর
লঙ্ঘিয়া জলদমালা শোভিছে গগনে॥

মহতের ভয়ানক বিপদ্-সঙ্ঘাতে
অটল প্রকৃতি নাহি হয় বিকলিত।
শত শত তরঙ্গের প্রবল আঘাতে
কভু কি বারিধিবেলা হয় বিচলিত?॥

স্বতঃসিদ্ধ মহতের উদার আশয়।
অতল জলধিজল স্বভাবতঃ হয়॥

বিপদে দুর্ব্বল নাশ বলী পায় বল।
বায়ুবেগে নিবে দীপ বাড়ে দবানল॥

## চতুর্থঃ পাঠঃ।

অযথাসময়ে তেজো ন মহানবলম্বতে।
প্রতাপং তনুতে চণ্ডং প্রভাতে ন দিবাকরঃ॥
সহতে ব্যসনক্লেশং মহানেব নগীতরঃ।
অশনেঃ পতনক্ষোভং গিরির্ধত্তে ন পাদপঃ॥
ভজতে মার্দ্দবং কালে কালে তেজশ্চ পণ্ডিতঃ।
নভো ভানুপ্রভাং ধত্তে দিবা নিশি চ চন্দ্রিকাম॥
অত্যুন্নতপদস্থানামকার্য্যং শাস্তি কো জনঃ।
করকাবর্ষিণং মেঘং কো নিরোদ্ধুং ক্ষমোভবেৎ॥

---

অসময়ে তেজ নাহি ধরে মহাজন।
প্রভাতে প্রখর তাপ দেয় কি তপন? ॥
বিপৎ সুধীর বিনা সহেনা অপরে।
বজ্রপাত গিরি বিনা পাদপে কি ধরে? ॥
কালে তেজ কালে শান্তি শোভে বিজ্ঞমনে।
দিনে ভানু উঠে শশি নিশায় গগনে॥
মহতের অত্যাচার কে করে বারণ।
জলদ বর্ষিলে শিলা রোধে কোন্ জন? ॥

## পঞ্চমঃ পাঠঃ ।

---

একোঽপি দোষোঽখিললোকনিন্দিতো
গুণান্ সমস্তান্ বিতনোতি নিষ্ফলান্ ।
অনন্তরত্নপ্রভবস্য গৌরবম্
নিহন্তি সিন্ধোর্লবণাম্বুতা ন কিম্ ? ॥
কুবর্ত্মগামী যদুপৈতি দুঃখম্
বিনিন্দনীয়ং ন হি তত্র দৈবম্ ।
দুর্গং বনং যাতবতো জনস্য
ক্ষতং যদঙ্গে স হি কস্য দোষাৎ ॥

---

এক দোষ যদি হয় নিতান্ত প্রবল
সে করে নিখিল গুণরাশি পরাভব ।
সমুদ্রের একমাত্র লবণাক্ত জল
হরিয়াছে দেখ ! কত রত্নের গৌরব ॥
দৈব তাহে নাহি হন নিন্দার ভাজন
বিমার্গগামীর যদি হয় কষ্টভার ।
বিষম কন্টকবনে প্রবেশে যে জন
তার দেহ ক্ষত হলে সে দোষ কাহার ? ।

প্রতিগৃহ্য বচো দুরাত্মনাম্
বিকৃতং বৃত্তমুপৈতি মানবঃ।
তৃণপর্ণবিদূষিতং জলম্
ন গদঃ কস্য নিপীয় জায়তে ? ॥
পরবিপৎসময়ে কিল মৎসরী
কলয়তে হৃদয়ে পরমং সুখম্।
বিমলিনে নলিনে ক্ষণদাগমে
ন হি মুদং কুমুদং সমুপৈতি কিম্ ? ॥
লোকস্য দুর্নয়বিমোহিতমানসস্য
দোষৌঘবর্দ্ধণকরী পরমল্পবিদ্যা।
কিং ন প্রচণ্ডতপনাতপশুষ্ককণ্ঠঃ
পীত্বাম্বুবিন্দুমধিকং সমুপৈতি তাপম্ ? ॥

---

দুরাত্মার উপদেশ বিষের সমান
শুনিলে বিকৃত ভাব হয় সবাকার।
তৃণপত্রকলুষিত বারি করি পান
শরীর পীড়িত বল ! না হয় কাহার ? ॥
আহ্লাদে নাচিয়া উঠে খল মনে মনে
অন্য লোক বিপদেতে হইলে পতিত।
নলিনী মলিনী হেরি নিশা-আগমনে
কুমুদিনী সে অমনি হয় বিকসিত ॥
দারুণ দৌর্জ্জন্যভাবে দগ্ধ যেই মন
অনিষ্টই ঘটে তাহে অল্প বিদ্যা দানে।
প্রচণ্ড আতপে শুষ্ককণ্ঠ যেই জন
সে লভে অধিক তাপ জলবিন্দু পানে ॥

অণুমাত্রফলায় দুর্জ্জনঃ
কুরুতে দারুণমপ্রিয়ং নৃণাম্।
মশকোভৃশদংশনব্যথাম্
তনুতে শোণিতবিন্দুলিপ্সয়া॥
কুজনৈর্ভজতে বিশালতাম্
গৃহদোষোঽণুরপি প্রকাশিতঃ।
অতিবৃদ্ধিমুপৈতি মক্ষিকা-
নিবহৈরল্পমনাবৃতং ব্রণম্॥
দুর্জ্জনসজ্জনগণনা
ন ভবতি নূনং দুরাত্মনাং সবিধে।
বিদহতি নিম্বরসালৌ
ন কিমবিশেষেণ দাবাগ্নিঃ?॥

---

অণুমাত্র পাইলেও আপনার হিত
দুরাত্মা দারুণ পীড়া দেয় অন্য জনে।
মশক কণিকামাত্র লভয়ে শোণিত
শরীর অস্থির কিন্তু করয়ে দংশনে॥
অতি অল্প গৃহদোষ প্রকাশ করিলে
কুজনে জানিয়া তাহা করে গুরুতর।
অণুমাত্র ক্ষত অঙ্গে ঢাকা না থাকিলে
বাড়াইয়া তোলে তাহা মক্ষিকানিকর॥
এ জন দুর্জন আর এ জন সুজন
দুরাত্মা গণে না তাহা অপকার কালে।
সমভাবে দহে দেখ! দবহুতাশন
অতি তিক্ত নিম্ব আর মধুর রসালে॥

দণ্ডেনৈব বিনেতব্যো নোপদেশেন দুর্জ্জনঃ।
অয়স্তাপেন মৃদুতাং ভজতে নহি বারিণা ॥
নোপদেশশতৈর্জ্জানং ধত্তে চেতো দুরাত্মনঃ।
ন মরৌ জায়তে শস্যং সপ্তসিন্ধুজলৈরপি ॥
দৌর্জ্জন্যদগ্ধহৃদয়ে শিক্ষা নোৎপাদয়েৎ ফলম্।
বিকীর্য্য বীজং পাষাণে ফলাকাঙ্ক্ষা বিড়ম্বনা ॥
কঠোরমনসো দোষঃ শিক্ষয়া নাপনীয়তে।
পাষাণপতিতা রেখা ন হি ধৌতাপি লীয়তে ॥
আত্মীয়েনাপি দুষ্টেন ন কর্ত্তব্যঃ সমাগমঃ।
দেহে দূষিতরক্তস্য স্থিতিঃ পীড়াস্পদং ভবেৎ ॥
দৌর্জ্জন্যং সুজনোঽপ্যেতি সহ দুষ্টেন সঙ্গমাৎ।
অনিলোঽনলসংসর্গাদ্ভৃশং সন্তাপকো ভবেৎ ॥

---

দণ্ড বিনা দুষ্ট নত না হয় শিক্ষায়।
তাপ বিনা জলে লৌহ মৃদুতা কি পায় ? ॥
কুজন না ধরে জ্ঞান সহস্র শিক্ষায়।
সপ্তসিন্ধুজলে মরু শস্য নাহি পায় ॥
দুর্জ্জনে সুশিক্ষাদান নিতান্ত বিফল।
পাষাণে রোপিলে বীজ নাহি ফলে ফল ॥
কঠিন মনের দোষ শিক্ষায় না যায়।
ধুইলেও পাষাণের দাগ না মিলায় ॥
গৃহে না রাখিবে কভু দুর্জ্জন স্বজন।
দূষিত শোণিত দেহে পীড়ার কারণ ॥
দুষ্ট সমাগমে দুষ্ট হয় সাধুজন।
অগ্নির সংযোগে তাপ বিতরে পবন ॥

মন্দতামেতি মন্দেন সহ বাসাদ্বিচক্ষণঃ।
নূনং গোমূত্রযোগেন বিকৃতং জায়তে পয়ঃ ॥
ন হি সম্ভাব্যতে কিঞ্চিৎ সৌজন্যং দুষ্টকর্ম্মণি।
কিমু স্রোতসি মাধুর্য্যং জায়তে লবণোদধেঃ ॥
নান্যস্যাজ্ঞানহর্ত্তেতি স্বয়ং শুদ্ধক্রিয়ো জনঃ।
দীপস্তমোনিহন্তাপি সূতে মলিনমঞ্জনম্ ॥
দুর্গুরুর্দূষয়ত্যেব চেতঃ শিষ্যস্য শিক্ষয়া।
জ্বরো বিকারমাপ্নোতি কুবৈদ্যেন চিকিৎসিতঃ ॥
সদসৎকার্য্যয়োর্ভেদং জ্ঞানমূঢ়ো ন পশ্যতি।
অন্ধো দিবসযামিন্যোর্ব্বিজানাতি কিমন্তরম্ ? ॥
নীতিবিচ্ছিন্নমনসো মনস্তাপোঽনিবারিতঃ।
পাদুকাহীনপাদস্য পদপীড়া পদে পদে ॥

---

সুজন দুর্জ্জন হয় কুজনের সনে।
অমৃত বিকৃত হয় গোমূত্রমিলনে ॥
ভদ্রতা দুষ্টের কর্ম্মে দেখা নাহি যায়।
লবণসিন্ধুর স্রোতে মাধুর্য্য কোথায় ? ॥
পর-মোহ হরিলেই না হয় সুজন।
তম হরে দীপ কিন্তু প্রসবে অঞ্জন ॥
কুশিক্ষকে ছাত্রমন দুর্জ্জনতা পায়।
কুবৈদ্য রোগীর জ্বরে বিকার ঘটায় ॥
ভাল আর মন্দে ভেদ না জানে অজ্ঞান।
কিবা রাত্রি কিবা দিন অন্ধের সমান ॥
পদে পদে নীতিহীন মন কষ্ট পায়।
ব্যথা লাগে সতত পাদুকাশূন্য পায় ॥

# ষষ্ঠঃ পাঠঃ।

---

সামান্যরূপবিষয়ানবলম্ব্য নূনম্
লোকোত্তরং সুকবিরত্র করোতি কাব্যম্।
কিং বারিকর্দ্দমতৃণৈর্নহি কুম্ভকারো
নির্ম্মাতি কামপি সুরপ্রতিমামপূর্ব্বাম্॥
আলম্ব্য নীরসনগাদিকবস্তুজাতম্
কাব্যং পরং সুরসমেব কবিঃ করোতি।
ভুক্ত্বা বিশুষ্কতৃণপর্ণচয়ং হি ধেনু-
র্নূনং সুধামধুরমেব পয়ো দদাতি॥

---

সুকবি জগতে অতি সামান্য বিষয়ে
অলোক সামান্য কাব্য করে বিরচন।
কুম্ভকার সলিল-কর্দ্দম-তৃণচয়ে
অপূর্ব্ব অমরমূর্ত্তি করে সঙ্গঠন॥
শৈলাদি নীরস বস্তু লয়ে কতিপয়
রসপূর্ণ কাব্য করে সুকবি যে জন।
ধেনু দেয় সুধাসম সুমধুর পয়
শুষ্ক তৃণ-পত্রচয় করিয়া ভোজন॥

লোকে বিরাগকরমপ্যবলম্ব্য বস্তু
কাব্যং পরং সুরসমেব কবিঃ করোতি।
গৃহ্ণন্নপেয়লবণাব্ধিরসং বিবস্বান্
নূনং সুধামধুরমেব পয়োদদাতি॥

সন্দেহাকুলিতং কুতর্কবিকৃতং সারল্যশূন্যং মনো-
জ্যোতির্ন প্রভবত্যপৈতুমমলং ধর্ম্মস্য শর্ম্মোজ্জ্বলম্।
বর্ষাসঙ্গসমাবিলং প্রবহুলৈঃ কুম্ভীকুলৈঃ সঙ্কুলম
গৃহ্ণাতি প্রতিবিম্বমম্বরমণেঃ কিং পঙ্কিলং পল্বলম্? ॥

ন যত্র সত্যপ্রণয়ক্ষমাদয়া-
বসন্তি দগ্ধং খলু তাদৃশং মনঃ।
মরুস্থলী সৈব ন যত্র বিদ্যতে
তৃণং নচাম্বো ন লতা ন পাদপঃ॥

---

বিষয় বিরাগকর হলেও সুকবি
তাহে মনোহর কাব্য করে বিরচন।
অপেয় জলধি জল আহরিয়া রবি
সুমধুর বারিধারা করে বরিষণ॥

সংশয়-কুতর্ক-কপটতা-বিদূষিত
হৃদয়ে শোভে না কভু ধর্ম্ম নিরমল।
বর্ষায় আবিল কুম্ভীচয়ে সমাচিত
ধরে কি সূর্য্যের বিম্ব পঙ্কিল পল্বল? ॥

অমল প্রণয় সত্য দয়া মায়া নাই
যে কঠিন হৃদয়েতে, দগ্ধ সে নিশ্চয়।
যথা তৃণ তরু লতা না দেখিতে পাই
না আছে সলিল বিন্দু, সে কি মরু নয়? ॥

লোকস্য জাতে বিফলে মনোরথে
দীনাং দশাং কামপি যাতি মানসম্।
বৃন্তে বিভগ্নে সুমনো মনোহরম্
ম্লানং বিশীর্ণং সদহো! বিশুষ্যতি॥
গুরূনপি প্রাপ্য গুরূপদেশান্
ন দুর্জ্জনোহন্তর্দ্দুরিতং জহাতি।
তমো ন ভানুর্গিরিগর্ভলীনম্
করৈঃ সহস্রৈরপি হন্তুমীশঃ॥
শরীরভূষাত্র বৃথৈব লোকে
হিতং বিধত্তেহমলমেব চেতঃ।
পতন্তি শুষ্কাঃ কুসুমস্য কোষা-
গর্ভস্থবীজন্তু ফলং প্রসূতে॥

---

চিরমনোরথ যদি বিফলতা পায়
নিতান্ত বিকৃত ভাব লভয়ে হৃদয়।
মলিন হইয়া পুষ্প শুকাইয়া যায়
চিরজাত বৃন্ত তার ভগ্ন যদি হয়॥
পাইলেও গুরুতর গুরু-উপদেশ
অন্তরের দুষ্টভাব ত্যজে না কুজন।
সহস্র করেও দেখ! না পারে দিনেশ
গিরিগর্ভলীন তম করিতে হরণ॥
বৃথা গর্ব্ব শরীরের ভূষণ লইয়া
সুন্দর হৃদয় দেয় প্রকৃত মঙ্গল।
পুষ্পের ললিত কোষ পড়ে শুকাইয়া
গর্ভের বীজেতে তার দান করে ফল॥

অজ্ঞাতেঽপ্যখিলৈর্জনৈরবিতিতরাং নীচেঽপি দেশে ক্বচিৎ
জাতেনাত্মগুণৈঃ পদং গুণবতা সর্ব্বোত্তমং লভ্যতে।
সম্রাজোঽপি গভীরনীরধিতলে গূঢ়োঽপি রত্নোচ্চয়ো-
ভূগর্ভে নিহিতোঽপি হীরকমণির্ম্মূর্দ্ধানমারোহতি॥
সাধোর্ধত্তে হৃদি গুণগণান্ ধর্ম্মশাস্ত্রোপদেশ-
শ্চিত্তেঽসাধোঃ পুনরবিতিতরাং দোষমালিন্যমেতি।
যৎ কাসারেঽমৃতমধুরতাং যাতি মেঘাম্বুবারি
ক্ষারাপেয়ং লবণজলধৌ নৈব কিং জায়তে তৎ?॥
আশ্রিত্যাস্মিন জগতি বিবিধং ধর্ম্মমন্যোন্যভিন্নম্
শেষেঽশেষে পরমপুরুষে লীয়তে প্রাণিবর্গঃ।
নানা মার্গং দিশি দিশি গতাঃ কিংন কল্লোলিনীনাম্
সঙ্ঘাঃ পশ্চাদ্বিপুলজলধৌ পারহীনে পতন্তি?॥

---

অবিদিত নীচ দেশে জন্ম লভি গুণী শেষে
নিজগুণে এভুবনে মহামান পায়।
সিন্ধুতলে রত্নচয় হীরক ভূগর্ব্বে হয়
শেষে দেখ! শোভে তারা নৃপের মাতায়॥
উপদেশে সাধুমন লভে নানা গুণগণ
দোষময় ফল পায় দুর্জ্জন-হৃদয়।
মেঘবারি সরোবরে পরম মাধুরী ধরে
সমুদ্রে পড়িলে তাহা লবণাক্ত হয়॥
এ জগতে প্রাণিগণ নানাধর্ম্ম আচরণ
করি শেষে পরম পুরুষে পায় লয়।
নানা মার্গ বিচরিয়া পরে কি পড়েনা গিয়া
অপার জলধিজলে যত নদীচয়?॥

কল্যাণানাং ভবতি জনকঃ সম্মিতোযঃ পদার্থ-
স্তেনৈবাহো! পরমমহিতং জায়তে চামিতেন।
রক্ষত্যেতামতিমৃদুগতির্যোহি সৃষ্টিং সমগ্রাম্
তস্মিন্ বায়ৌ গতবতি রয়ং জায়তে সৃষ্টিনাশঃ॥
জনঃ কালে লব্ধা সুখচয়মনন্তং বিজয়তে
পুনঃ কালেঽন্যস্মিন্ ভজতি বিরসাং কামপি দশাম্।
প্রভাতে পুষ্পাণাং মধুরমকরন্দং বহতি যঃ
স মধ্যাহ্নেঽসহ্যং ব্রজতি কিল সন্তাপমনিলঃ॥
অসীমবিভবৈঃ সুখীভবতি যস্য সর্ব্বোজনঃ
প্রতীপসময়ে মহান্ ভজতি সোঽপি দীনাং দশাম্।
করোতি কিরণৈর্হি যঃ সকললোকমালোকিতম্
সহন্ত! রজনীমুখে রবিরুপৈতি বিচ্ছায়তাম্॥

---

যার পরিমিত গুণ কল্যাণ প্রসবে
হইলে অমিত তাহা অনর্থ নিশ্চয়।
যে বহিলে মন্দ মন্দ প্রাণ পায় সবে
সে বায়ু প্রচণ্ড হলে সৃষ্টিনাশ হয়॥
কালে ভোগ করে শত শত সুখচয়
কালে দুখে দগ্ধ হয় মনুষ্য জীবন।
প্রাতে পুষ্প-মকরন্দে শীতল যে হয়
মধ্যাহ্নে অসহ্য তাপ ধরে সে পবন॥
যে জন অতুল ধনে সুখী করে সর্ব্বজনে
কালবশে সেও হয় অতিশয় দীন।
যে নিজ সহস্র করে ধরাতল আলো করে
সে দিনেশ দিবাশেষে হয় প্রভাহীন॥

অতীত্য কালং সদুপায়কল্পনা
মুধৈব নূনং করণীয়কর্ম্মণি ।
নিপাতিতে সংযতি সর্ব্বসৈনিকে
কলায় সন্ধিঃ কিমহো ! প্রকল্পতে ? ॥
অসহ্যদুঃখানুভবাদনন্তরম্
লভেত লোকো নিয়তং সুখং ভুবি ।
ন কিং নিদাঘাৎ পরমেব জায়তে
নবাম্বুবাহাদমলাম্বুবর্ষণম্ ? ॥
জনং বিনিঃশেষিতসর্ব্ববিত্তম্
চিরস্য মিত্রাণ্যপি সংত্যজন্তি ।
শুষ্কারবিন্দং ন মরন্দহীনম্
পদং পদানামপি ষট্পদানাম্ ॥

---

যথাযথ কার্য্যকাল হইলে বিগত
সদুপায় স্থির করা বৃথাই কেবল ।
সমরে সকল সেনা হইলে নিহত
বল দেখি শেষে আর সন্ধিতে কি ফল ? ॥
অতি কষ্ট বহুদিন সহে যেই জন
পরে সে সুখের মুখ করে দরশন ।
কঠোর নিদাঘে দগ্ধ হইলে ভুবন
নব মেঘ বারিধারা করে বরিষণ ॥
লোকের পড়িলে অতি দুর্ভাগ্য সময়
ফিরেও না চায় আর বান্ধব সকল ।
পদ্ম যদি পরিশুষ্ক মধুহীন হয়
পায়েও কি ঠেলে তাহা মধুকরদল ? ॥

ধনেন কিং তেন সমৃদ্ধিশালিনঃ
পরোপকারো ন হি যেন জায়তে।
অগম্যগর্ভে লবণাম্বুধৌ ন কিম্
মনোজ্ঞরত্নাকরতা বিড়ম্বনা ? ॥
ভজত্যপূর্ব্বং গুণরামণীয়কম্
হিতোপদেশৈর্ম্মৃদুলা শিশোর্ম্মতিঃ।
বসন্তবাতৈঃ সুমনোমনোজ্ঞতাম্
প্রয়াতি বালা লতিকা সুকোমলা ॥
সময়ে পরিচালনাং বিনা
খলু তীক্ষ্ণাপি জড়ায়তে মতিঃ।
চিরমস্ত্রমশাণশোধিতম্
বহুলৈঃ কিং ন মলৈঃ প্রকীর্য্যতে ? ॥

---

কি ফল ধনীর সেই অতুল বিভবে ?
পর-উপকার যাহা কখন না করে।
যার গর্ভে কদাপি না গমন সম্ভবে
বৃথাই অসীম রত্ন সেই রত্নাকরে ॥
অতিমাত্র সুকুমার শিশুর হৃদয়
সুশিক্ষায় পায় বহু সদ্‌গুণনিবহ।
ললিত কুসুমে শোভে নব কিশলয়
বসন্তের মনোহর লভি গন্ধবহ ॥
সময়ে চালনা বিনা হয় জড়প্রায়
সুতীক্ষ্ণ হলেও মতি, অস্ত্র চিরদিন
অশাণশোধিত হয়ে থাকিলে, তাহায়
মরিচা পড়িয়া নাহি করে কি মলিন ? ॥

চিন্তা ন যাবৎ সমুদেতি চিত্তে
সুখানি সর্ব্বাণি লসন্তি তাবৎ ।
অনাপ্তদাবানলমেব নূনম্
ফলপ্রসূনৈর্ব্বিপিনং বিভাতি ॥

চিন্তয়োপহতে চিত্তে নৈব শান্তিঃ প্রজায়তে ।
কুতঃ শীতলতা তোয়ে বড়বাদহনোদরে ? ॥
চিন্তাভির্বেদনাক্রান্তং দুর্লভং খলু তন্মনঃ ।
তৎপদ্মনালং নাস্ত্যেব সন্তি যত্র ন কন্টকাঃ ॥
অনিশ্চয়চলচ্চেতঃ শান্তিং নোপৈতি কুত্রচিৎ ।
অবলম্বনশূন্যস্য বিশ্রামঃ পক্ষিণঃ কুতঃ ? ॥
সততং চপলং চেতো ন শান্তিং লভতে ভুবি ।
অমলা নলিনী নৈব সরিৎস্রোতসি জায়তে ॥

---

যদবধি নাহি হয় চিন্তার উদয়
তদবধি নানা সুখে শোভা পায় মন ।
ততদিন ধরে বন ফলপুষ্পচয়
যতদিন দবানল না করে দহন ॥
সুস্থ নহে মন সদা চিন্তায় বিকল ।
বাড়বাগ্নি মাঝে সেই জল কি শীতল ? ॥
দুর্লভ সে মন চিন্তা নাহি যেই মনে ।
মৃণাল কন্টকহীন আছে কি ভুবনে ? ॥
সংশয়ে চলিত মন শান্তি নাহি পায় ।
নিরাশ্রয় বিহগের বিশ্রাম কোথায় ? ॥
কোথা শান্তি সেই মনে সদা যে চপল ।
অস্থির প্রবাহজলে ফুটে কি কমল ? ॥

উদ্বিগ্নমনসা কার্য্যং ক্রিয়তে নৈব সুন্দরম্।
শোভনং লিখ্যতে চিত্রং নহি চঞ্চলপাণিনা॥
অনাপ্তদুঃখে হৃদয়ে দুঃখেমায়াত্যসহ্যতাম্।
অতাপকঠিনঃ কুম্ভো নাঘাতং সহতে ধ্রুবম্॥
সুখান্যপি হি দুঃখানি ভবন্তি হৃদি দুঃখিতে।
উষ্ণপাত্রগতং যাতি শীতমপ্যুষ্ণতাং পয়ঃ॥
নহি শোকাকুলে জ্ঞানজ্যোতিঃ স্ফুরতি চেতসি।
তেজো বিজৃম্ভতে ভানোর্নাম্বরে ঘনমেদুরে॥
অপ্রিয়ং বচনং নৈব বক্তব্যং পীড়িতং প্রতি।
কটুঃ ক্ষতায়াং জিহ্বায়ামসহ্যোহি রসো ভবেৎ॥
স্বাস্থ্যং তৃপ্তিশ্চ হৃদয়ে জায়েতে শ্রমকারিণঃ।
সদৈব স্রোতসম্ভোয়ে গুণৌ মধুরনির্ম্মলৌ॥

---

উদ্বেগে সুন্দর কর্ম্ম হয় না কখন।
চঞ্চল হস্তের চিত্র হয় কি শোভন?॥
সন্তাপ দুর্ব্বহ চিরসুখী মনে হয়।
অদগ্ধ কোমল কুম্ভে আঘাত না সয়॥
সুখেও সন্তাপ পায় তাপিত হৃদয়।
উষ্ণপাত্রে সুশীতল জল উষ্ণ হয়॥
থাকে না জ্ঞানের আভা শোকাকুল মনে।
লুকায় রবির তেজ দুর্দ্দিন গগনে॥
তিরস্কারে পীড়িতের কষ্ট অতি হয়।
ক্ষতরসনায় কটু রস নাহি সয়॥
পরিতৃপ্ত সুস্থ সদা শ্রমীর হৃদয়।
মধুর বিমল জল প্রবাহের হয়॥

মনসো মার্দ্দবং কালে কালে তৈগ্মঞ্চ সম্মতম্।
নিদাঘে শীতলং বস্ত্রং শীতে চোষ্ণঞ্চ শোভতে॥
পরাধীনস্য মনসো বৃত্তিঃ সঙ্কুচিতা সদা।
নহি কূপগতো মীনো বৃদ্ধিমায়াতি কর্হিচিৎ॥
বৈরাগ্যোপেতমপ্যেতি ভোগং বিষয়িণোমনঃ।
বিশিখঃ খে সমুত্থায় পুনরেব পতত্যধঃ॥
স্খলন্ত্যত্যুন্নতা এব পদাৎ ক্ষুদ্রতমা নতু।
পাতয়ত্যনিলশ্চণ্ডো দ্রুমানেব তৃণানি ন॥
অসারো বিপদঃ ক্ষোভং সহতে ন কদাচন।
শুষ্কমেব তরোঃ পত্রং পতত্যনিলরংহসা॥
তনয়ে নয়সম্পন্নে গৌরবং জায়তে পিতুঃ।
রসালঃ ফলমাধুর্য্যাৎ সর্ব্বৈরেব হি পূজ্যতে॥

---

কালে মৃদু কালে তীক্ষ্ণ শোভা পায় মন।
শীতে উষ্ণ শোভে গ্রীষ্মে শীতল বসন॥
পরবশে সঙ্কুচিত থাকে সদা মন।
কূপমধ্যে বদ্ধ মৎস্য বাড়ে কি কখন?॥
বৈরাগ্যে ভোগীর মন দিলেও না রয়।
উর্দ্ধে নিক্ষেপিলে শর অধোগামী হয়॥
মহতেরি পদচ্যুতি ক্ষুদ্রের না হয়।
বায়ুবেগে পড়ে শাখী থাকে তৃণচয়॥
অসার বিনষ্ট হয় বিপদ্‌সময়।
বায়ুভরে শুষ্ক পত্র নিপতিত হয়॥
সুপুত্রে পূজিত হন পিতা সবাকার।
ফলগুণে সমাদৃত হয় সহকার॥

নহি বালমুখে ভাতি কদাপি পরুষং বচঃ।
নবোদিতার্ককিরণে চণ্ডতা কিমু শোভতে ? ॥
কামক্রোধাদয়ো দোষা ভবন্তি সময়ে গুণাঃ।
বিষমৌষধবৎ পীড়াবিশেষে কুরুতে ফলম্ ॥
ক্রোধনোমৃদুসংসর্গং সহতে ন কদাচন।
নোষ্ণতৈলাম্ভসোর্য্যোগঃ কদাচিদপি জায়তে ॥
ভবন্তি বহবো ধর্ম্মা জীবিতে সতি রক্ষিতে।
ফলং বহুগুণং সূতে গুপ্তে মূলে হি পাদপঃ ॥
সময়ে সদ্বিধৌ ন্যস্তে জায়তে বিপুলং হিতম্।
বহুশস্যং ন কিং সূতে সৎক্ষেত্রপতিতা নদী ? ॥
হীয়তে মানুষঃ কালে কালে বিজয়তে পুনঃ।
দিবা মন্দায়তে দীপপ্রভা নক্তং বিবর্দ্ধতে ॥

---

রুক্ষ কথা ভাল নহে শিশুর বদনে।
সন্তাপ কি শোভে নব ভানুর কিরণে ? ॥
সময়ে কামাদিরিপু মঙ্গল বিতরে।
পীড়াভেদে বিষেও ঔষধগুণ করে ॥
কোপনে মৃদুতে যোগ না হয় কখন।
উষ্ণ তৈল আর জলে হয় কি মিলন ? ॥
জীবন বাঁচিলে লোকে নানা ধর্ম্ম করে।
পাদপ থাকিলে মূল বহুফল ধরে ॥
সুকর্ম্মে সময় কভু হয় না বিফল।
সৎক্ষেত্রে পড়িলে নদী দেয় বহু ফল ॥
কালেতে বর্দ্ধিত লোক হীন কালবশে।
নিশিতে উজ্জ্বল দীপ মলিন দিবসে ॥

স্থিরনির্ম্মলসন্তোষঃ স্বর্গএব হি লভ্যতে।
বিনা নন্দনমন্যত্র জন্ম কল্পতরোঃ কুতঃ ?॥
সর্ব্বএব গৃহচ্ছিদ্রমপরেভ্যো নিগূহতি।
ছিন্নমংশং স্ববস্ত্রস্য কো দর্শয়িতুমিচ্ছতি ?॥
উত্তমং মন্যতে সর্ব্বো নিজহস্তকৃতং কৃতম্।
জননী গর্ভজং পুত্রং সদা সুন্দরমীক্ষতে॥
বেত্তি লোকঃ প্রতীকর্ত্তুং বৃদ্ধ এব সদাপদঃ।
গদান্ সুবিষমান্ হন্তি হবিরেব পুরাতনম্॥
মলিনোঽপি মহাবংশ্যঃ সম্মানং লভতে ভুবি।
প্রদীপাঞ্জনমাদৃত্য দধত্যেণীদৃশোঽক্ষিষু॥
মহৌষধৈরপি জনো ন জীবত্যায়ুষঃ ক্ষয়ে।
প্রদীপঃ স্নেহদানেন দশাশেষে ন দীপ্যতি॥

---

স্বর্গই কেবল পূর্ণ সুখের ভবন।
কল্পতরু কোথা ? বিনা নন্দনকানন॥
গৃহদোষ লুকাইতে সবে চেষ্টা পায়।
বসনের ছিন্নভাগ কে দেখাতে চায় ?॥
নিজহস্তকৃত কর্ম্ম সবে দেখে ভাল।
কোন্ মাতা নিজপুত্রে বলে বল কাল ?॥
প্রাচীনে আপদ্ বহু নিবারণ করে।
পুরাতন হবি দেখ ! নানারোগ হরে॥
মলিনেও পূজ্য মহাবংশজাত হলে।
রমণী সাদরে ধরে দীপজ কজ্জলে॥
মহৌষধ বৃথা হয় আয়ুশেষ হলে।
দশাশেষে তৈলে কভু দীপ নাহি জ্বলে॥

সন্ধৌ যদি ফলসিদ্ধি-
র্ভবতি ন সমরঃ কদাচন শ্রেয়ান্।
হিমশমনীয়ে রোগে
জাতু ন কটুকৌষধং দেয়ম্॥
বিমলতমমনর্ঘং প্রেমরত্নং ন যেষাম্
বিলসতি হৃদি দীনা ভাগ্যহীনাস্তএব।
অমৃতময়মরন্দো নাস্তি গর্ভেষু যেষাম্
বিমলিনপরিশুষ্কান্যম্বুজানীহ তানি॥
পরস্পরালৌকিকসখ্যভাজৌ
নান্যোন্যবিচ্ছেদমুভৌ সহেতে।
জহাতি কান্তিং রবিণা বিনাব্জম্
প্রয়াতি তারা শশিনৈব সার্দ্ধম্॥

---

সন্ধি হতে কার্য্য যদি সফলতা পায়
সমর উচিত তবে হয় না কখন।
সুশীতল জলপানে যদি রোগ যায়
কষ্টমাত্র তাহে কটু ঔষধ সেবন॥
দীন হীন সেই জন যাহার হৃদয়
প্রণয় অমূল্য ধন সে ধনে বঞ্চিত।
মধুরসে যার গর্ভ নহে রসময়
বিশুষ্ক মলিন সেই নলিন নিশ্চিত॥
অলৌকিক প্রেমে বদ্ধ হইলে উভয়
অপর না বাঁচে তার একের বিরহে।
রবি বিনা সরসিজ পরিশুষ্ক হয়
শশি হারা হয়ে তারা কতক্ষণ রহে॥

প্রাণান্ কথঞ্চিদপি কণ্ঠগতান্ নিরুন্ধন্
তোয়াশয়া বিয়তি যাম্প্রতি ধাবিতোঽসি।
সা ভীমদাবদহনোত্থিতধূমলেখা
রে মূঢ় চাতক! নবা ন পয়োদমালা॥
দূরাদহো! জলধিয়া মৃগতৃষ্ণিকায়া-
মাশাশতৈঃ পথিক! হে পরিধাবিতোঽসি।
জাতে গুরুশ্রমভরাত্ত্বয়ি শক্তিহীনে
হা হন্ত! যাস্যসি দশাং কতমাং ন জানে॥
আঘ্রায় চন্দনবনস্য সুগন্ধমন্ধা-
ধাবন্ত্যমন্দমকরন্দধিয়া মিলিন্দাঃ।
জানন্তি 'নাত্র মকরন্দকণোঽপি নাস্তি
ক্রূরাঃ পরং বিষধরাঃ ফণিনো বসন্তি॥

সলিলকণার আশে চাতক! যাহার পাশে
ধাইতেছ ঊৰ্দ্ধশ্বাসে ওষ্ঠাগত জীবনে।
সে নহে বারিদরাজি বারিদবরণে সাজি
দাবাগ্নির ধূম আজি উঠিয়াছে গগনে॥
দূরে মরীচিকা হেরি তুমি জল আশা করি
ছুটেছ পথিক! হায়! করি প্রাণপণ।
দারুণ শ্রমের ভরে শক্তিহীন হলে পরে
না জানি কি হবে দশা তোমার তখন॥
পেয়ে অতি নিরমল চন্দনের পরিমল
অপূৰ্ব্ব মধুর আশে ধাইছ ভ্রমর!!
জান না? ইহার ঠাঁই মরন্দের গন্ধ নাই
গৰ্জ্জিছে কেবল সদা ক্রূর বিষধর॥

অস্যামনোরথচয়ং ত্বমপূরয়িত্বা
হা হা! কথং ঘন! বিলজ্জ ইব প্রয়াসি?।
প্রাণান্ তৃষোজ্ঝতি বিলোকয়! চাতকীয়ম্
নৈবান্যতঃ পিবতি হন্ত! তথাপি বারি॥
সর্ব্বে কুলায়নিলয়েষু গতা বিহঙ্গা-
আশা বিধোর্ম্মলিনতাঞ্চ করৈস্ত্যজন্তি।
অস্তং গতে ত্বয়ি রবে! বদ কামবস্থাম্
মৃদ্বী ত্বদেকগতিকৈতু সরোজিনীয়ম্॥
উদয়তি দশশতকিরণে
পুলকিতমখিলং বিভাব্যতে বিশ্বম্।
পেচক! পরমসি দীনো-
গতিরিয়মথবের্ষিণাং ভবতি॥

---

হে মেঘ! বিলজ্জপ্রায় কেমনে চলিলে হায়!
চাতকীর মন-আশা না করি পূরণ।
পিপাসায় ত্যজে প্রাণ তথাপি না করে পান
অন্যের সলিলবিন্দু দেখ! এইজন॥
রবি! হে বিহঙ্গসবে কুলায়ে আশ্রয় লবে
শশির কিরণে দিক্ হাসিবে এখনি।
নলিনী কোমল অতি তুমিমাত্র যার গতি
সে তোমাবিহনে হায! বাঁচিবে কেমনে?॥
উদয়গিরি-শিখরে দেখি দেব দিবাকরে
ভাসিছে আনন্দনীরে যত প্রাণিচয়।
পেচক! তোমারি চিত দেখি কেন বিষাদিত?
অথবা ঈর্ষীর দশা এইরূপ হয়॥

যস্যাঃ সৌরভমার্দ্দবাতিললিতে গর্ভে নিশা যাপিতা
যস্যাঃ স্বাদুমরন্দসেবনসুখৈর্নীতাস্তথা বাসরাঃ।
শুষ্কামদ্য বিহায় তাং কমলিনীং পুষ্পান্তরং গম্যতে
ধিক্ ত্বাং রে মধুপাথবাতিমলিনস্যেদং ন নিন্দ্যং তব॥
বীজং যত্র পুরা ততোঽঙ্কুরজনিঃ শাখা ততঃ পল্লবো-
যত্রাসীন্মুকুলং ততঃ ফলমসীত্যাজন্মনো বর্দ্ধিতঃ।
ভেত্তুং সৌধতলং তমদ্য হৃদি তে লজ্জা নকিং জায়তে?
ধিক্ ত্বাং প্লক্ষতরোঽথবাতিকঠিনস্যেদং ন দোষায় তে॥
হা হাদ্য স্ফুটতীব চাতকরবৈঃ সর্ব্বং নভোমণ্ডলম্
দীনো বাষ্পভৃতেক্ষণোমৃগগণঃ শূন্যাদিশো বীক্ষতে।
মীনাদ্যা জলজন্তবশ্চ বিলুঠন্ত্যুষ্ণে সরঃকর্দ্দমে
ত্বং হে সম্প্রতি মেঘ! রক্ষসি ন চেৎ সর্ব্বে তদৈতে হতাঃ॥

যার মধু করি পান হলে দিবা অবসান
সুখে নিশা বঞ্চিয়াছ হৃদয়ে যাহার।
সে নলিনী শুষ্ক বলি ত্যজ আজি ছি ছি! অলি!
অথবা মলিন তুমি নিন্দা কি তোমার॥
বীজাঙ্কুর শাখা দল লভিয়া মুকুল ফল
জন্মাবধি প্লক্ষতরু! বাড়িলে যথায়।
আজি সেই সৌধতল কেমনে ভেদিছ বল!
তুমি হে কঠিন দোষ দিব কি তোমায়॥
চাতকের রবে হায়! আকাশ ফাটিয়া যায়
দশদিক্ শূন্য হেরি কাঁদে মৃগচয়।
উষ্ণপঙ্কে জলচর লুঠিছে হে জলধর!
তুমি না রাখিলে এরা মরিল নিশ্চয়॥

সমাপ্ত।